



পটুয়াখালী জেলা সমিতি, ঢাকা আবুল কাসেম হল



৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০. রেজিঃ নং-৮-০২৭৮ /ই-মেইলঃ pzsdbd@gmail.com

স্মারক নং-পজেসটা/শিক্ষাবৃত্তি-২/২০১৪.

তারিখঃ ০৪-১২-২০১৪ ইং

শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষাবৃত্তি-২/২০১৪ পটুয়াখালী জেলা সমিতি, ঢাকা কর্তৃক স্নাতক/কলেজ/ বিশ্ববিদ্যালয়/মেডিক্যাল/প্রকৌশলী সমমানের বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা-অস্বচ্ছল ও মেধাবী ছাত্র/ছাত্রীদের এককালিন শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :-

- ০১। আবেদনকারীকে এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষায় যে কোন একটিতে জিপিএ ৫.০০ অন্যটিতে জিপিএ ৪.৫ পেয়ে মোট জিপিএ ৯.৫০ পেয়ে উত্তীর্ণ হয়ে স্নাতক পর্যায়ে অধ্যয়নরত থাকতে হবে।
- ০২। আবেদনকারীকে ২০১২ এবং ২০১৩ বছরে এইচ, এস,সি উত্তীর্ণ হতে হবে।
- ০৩। বীর মুক্তিযোদ্ধা সন্তান ও প্রতিবন্ধী আবেদনকারীদের ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকতে হবে।
- ০৪। পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অস্বচ্ছলতা স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং যে বিদ্যালয় হতে এস,এস,সি এবং যে কলেজ হতে এইচ,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আর্থিক অস্বচ্ছলতার সনদপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত থাকতে হবে। (৩টি সনদপত্র)
- ০৫। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে পটুয়াখালী জেলা সমিতির ঢাকা এর কার্যালয় অথবা ওয়েব সাইট www.pzsbd.com হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরন করে সমিতির স্থায়ী কার্যালয় পৌছাতে হবে।
- ০৬। আবেদন পত্রের সাথে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের/ বিভাগীয় প্রধানের স্বাক্ষরিত সনদপত্র থাকতে হবে।
- ০৭। আবেদন পত্রের সাথে এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষার মার্কসীট/একাডেমিক ট্রান্সক্রীপশন এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- ০৮। বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ এর ফটোকপি প্রদান করতে হবে।
- ০৯। প্রতিবন্ধী আবেদনকারীদের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
- *১০। আবেদন পত্র আগামী ০৫/০২/২০১৫ এর মধ্যে আহ্বায়ক, শিক্ষা বৃত্তি-২/২০১৪ এর বরাবরে পটুয়াখালী জেলা সমিতির স্থায়ী কার্যালয় ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (৬ষ্ঠতলা), ঢাকা-১০০০। সরাসরি/ কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে পৌঁছাতে হবে। অথবা সমিতি অফিস দরজায় ঝুলানো চিঠির বাক্সের মধ্য রাখতে হবে।
- ১১। প্রয়োজনীয় বিস্তারিত তথ্যাদি পটুয়াখালী জেলা সমিতির স্থায়ী কার্যালয় ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০ (সন্ধ্যা ৬ টা হতে রাত ৮টা পর্যন্ত). অথবা সমিতির ওয়েব সাইড www.pzsbd.com হতে জানা যাবে।

অধ্যক্ষ লুৎফুল্লাহ বেগম
আহ্বায়ক
শিক্ষাবৃত্তি-২/২০১৪
পটুয়াখালী জেলা সমিতি

ড. এস.এম.এ. জাফর বাদশা
সদস্য সচিব
শিক্ষাবৃত্তি-২/২০১৪
পটুয়াখালী জেলা সমিতি
সেল : ০১৫৫২৬৩৪৩৫৭

হাবিব- ০১৭১২০৪১৯৯৮. মনিরুল ইসলাম মিলন-০১৭১৪৬৬৬৭৭৭, সৈয়দ সওকত হোসেন সানু-০১৭১১৮৪৩৬৬৩